৩১

ভোরের কাগজ

তারিখ ... 14 NOV 1997 ... ...
পৃষ্ঠা: ১৪ কলাম ৮ ...

কথা।

ক্যাম্পাসে উত্তেজনা

## ছাত্রদল ও ছাত্রলীগের ডাকে বুয়েটে ধর্মঘট পালিত

বুয়েট প্রতিনিধি : গতকাল বৃহস্পতিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রলীগ ও ছাত্রদলের আহ্বানে ধর্মঘট পালিত হয়েছে। উভয় সংগঠনই একে অপরের সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে এ ধর্মঘট পালনের ডাক দেয়।

ধর্মঘটের কারণে গতকাল বিশ্ববিদ্যালয়ে কোনো ক্লাস হয়নি। সকাল ৮টা থেকে উভয় সংগঠনের নেতাকর্মীরা বুয়েটের প্রধান গেটে অবস্থান নেয়। তারা একে অন্যের বিরুদ্ধে স্লোগান দিতে থাকে। এ সময় উদ্বিগ্ন সাধারণ ছাত্রছাত্রীদের গেটের বাইরে অপেক্ষা করতে দেখা যায়। সকাল ৯টায় ছাত্রকল্যাণ পরিচালকের উপস্থিতিতে গেট খোলা হয়। এ সময় ছাত্রলীগের একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

ছাত্রলীগ অভিযোগ করেছে, ছাত্রদলের সন্ত্রাসীরা আহসানউল্লাহ্ হলের জিএস মাইনুল ইসলামের ২২৫নং কক্ষ ভাঙচুর করেছে। অপর পক্ষে ছাত্রদলের অভিযোগ, তাদের বুয়েট শাখার সভাপতি হাসানুজ্জামান সিদ্দিকীকে ছাত্রলীগের সন্ত্রাসীরা মারধর করেছে। উভয় সংগঠনই একে অপরের অভিযোগ মিথ্যা বলে অভিহিত করেছে।